# অথর্ববেদীয়-

# শিখোপনিষৎ।

টীকয়া বঙ্গানুবাদেন চ সমেতা।

শ্রীউপেন্দ্রনাথ মুখোপাধ্যায়েন সম্পাদিতা।

কলিকাতা-রাজধান্যাং ;

১৬৬ নং বহুবাজার-ষ্ট্রীটস্থ-"বসুমতী-যন্ত্রে"

বসুমতী-সাহিত্য মন্দিরাৎ

শ্রীপূর্ণচন্দ্র-মুখোপাধ্যায়েন মুদ্রিতা প্রকাশিতা চ।

১৩২৩

॥ ও তৎসৎ ওঁ ॥

অথর্ব্ববেদীয়-

# শিখোপনিষৎ।

॥ ওঁ ॥ রুদ্রায় নমঃ ॥

ওঁ ॥ পিপ্পলাদোঽঙ্গিরাঃ সনৎকুমারশ্চাথর্ব্বাণং ভ

বন্তং পপ্রচ্ছু।

অথর্ব্বশিখোপনিষদো দীপিকা।

এষাথর্ব্বশিখা নাম শির ঊর্দ্ধং শিখোচিতা।

দ্বিখণ্ডা সপ্তমী মুণ্ডাৎ প্রণবার্থ-নিরূপিণী ॥

সর্ব্বার্থসিদ্ধিদং শিবমারাধ্য বিধূত-বিঘ্নব্রাতো ভগবন্

হেশ্বরপূজনেন বিধূতাখিলকল্মষো দেশিকঃ ক্ষুরিকো

মার্গেণ সাধিত-যমাদি-প্রত্যাহারান্তং যোগাঙ্গধারণা-পূর্ব

সর্ব্বার্থসিদ্ধিদাতা দেবদেব মহেশ্বরের আরাধনা পূ

অখিল বিঘ্ন নিরাকরণ করত শ্রীমন্মহাদেবের অর্চ্চনা দ্ব

পাতকপুঞ্জ হইতে বিমুক্ত হইয়া, ক্ষুরিকোপনিষৎক

পন্থা অবলম্বনপূর্ব্বক শম, দম প্রভৃতি প্রত্যাহারান্ত অষ্ট

কিমাদৌ প্রযুক্তং ধ্যানং ধ্যায়িতব্যং কিং তদ্ধ্যানং কো বা ধ্যাতা কশ্চিদ্ধ্যেয় ইতি।

---

ধ্যানপথমারুরুক্ষুঃ সবীজযোগে মন্ত্রস্যাঙ্গত্বাৎ সর্ব্বমন্ত্র-শিরোমণিং প্রণবমবয়বশঃ স্বরূপতশ্চ নির্ণীয় ধ্যানে বিনিযোক্তুং পুনঃ প্রকৃতং তমেবানুসন্ধত্তে পিপ্পলাদ ইতি। অত্র প্রষ্টৄণাং ত্রিত্বম্ এভ্য ইত্যাৎপ্রশ্নানুবাদাদবসীয়তে। আখ্যায়িকা তু বিদ্যা স্তুত্যর্থা।

প্রশ্নানাহ কিমাদাবিত্যাদি। আদৌ সর্ব্বমন্ত্রাদৌ সর্ব্ববেদাদৌ মুখ্যত্বেন চ প্রযুক্তম্। ধ্যায়তে যত্তদিতি ব্যুৎপত্ত্যা ধ্যানং ধ্যেয়ং ধ্যায়িতব্যং ধ্যানার্হঞ্চ কিমিত্যর্থঃ। অত্র ছান্দসশ্চিদ্‌বৎ ইট্। প্রথমপ্রযুক্তো ধ্যেয়শ্চ মন্ত্রঃ

---

যোগসাধন করিয়া ধ্যানমার্গে আরোহণের বাসনায় সর্ব্বমন্ত্রশ্রেষ্ঠ প্রণবমন্ত্রের অবয়ব নিরূপণ করিয়া পরমধ্যেয় প্রণবরূপী পরমব্রহ্মের স্বরূপপরিজ্ঞানার্থ পিপ্পলাদ, অঙ্গিরা ও সনৎকুমার এই তিন ঋষি একত্র হইয়া স্তোত্রচ্ছলে ভগবান্ অথর্ব্বঋষির নিকট প্রশ্ন করিলেন।

মহাত্মন্! আমাদিগের প্রথম প্রশ্ন এই যে, যাবতীয় মন্ত্রের ও সর্ব্ববেদের প্রথমে কাহার প্রয়োগ করিবে? অর্থাৎ প্রথমপ্রযুক্ত ধ্যেয় মন্ত্র বা ধ্যানযোগ্য কি? তৎপরে দ্বিতীয় জিজ্ঞাস্য এই যে, কি প্রকারে সেই ধ্যাতব্য মন্ত্রের ধ্যান করিতে হয়? আমাদিগের তৃতীয় প্রশ্ন এই যে, সেই

অথৈভ্যোঽথর্ব্বা প্রত্যুবাচ ওমিত্যেতদক্ষরমাদৌ প্রযুক্তং ধ্যানং ধ্যায়িতব্যম্।

---

ক ইতি প্রথমপ্রশ্নার্থঃ। কিং তদ্ধ্যানমিতি। তস্য ধ্যাতব্যস্য মন্ত্রস্য কিং ধ্যানমিতি দ্বিতীয়ঃ প্রশ্নঃ। কো বা ধ্যাতা অধিকারী ইতি তৃতীয়ঃ। কশ্চ ধ্যেয়ঃ ঈশঃ ইতি চতুর্থঃ। চিৎ ইতি বিতর্কে। কো দেবো ধ্যেয়ঃ ইতি বিচার্য্য বক্তব্যমিত্যর্থঃ। ইতিশব্দঃ প্রশ্নসমাপ্তৌ।

আদ্যস্যোত্তরমাহ ওমিত্যেতদক্ষরমিতি। সর্ব্বস্য বক্তব্যস্য মন্ত্রব্রাহ্মণাদের্দ্দেবতা-ধ্যানস্য চ আদৌ প্রথমং প্রযুক্তম্ আদৌ ঈশ্বরে বাচকত্বেন প্রতিনিধিত্বেন বা প্রযুক্তমিত্যর্থঃ।

---

ধ্যানের অধিকারী কে? আর সেই ধ্যানের ধ্যেয় পদার্থ কি? ইহাই আমাদিগের চতুর্থ প্রশ্ন অর্থাৎ কোন্ দেবতা আমাদিগের প্রকৃত ধ্যেয়। বিচার পূর্ব্বক তত্ত্বতঃ ইহাই আমাদিগের চতুর্থ প্রশ্ন। আমাদিগকে এই সমস্ত প্রশ্নের প্রকৃত উত্তর প্রদান করুন।

পিপ্পলাদ প্রভৃতি মুনিগণের প্রশ্নে অথর্ব্বঋষি প্রথম প্রশ্নের উত্তর দিতেছেন।—"ওম্" এই অক্ষরই সর্ব্বমন্ত্রব্রাহ্মণাদির দেবতা, "ওম্" এই অক্ষরই সর্ব্বমন্ত্র ও ধ্যানের প্রথমে প্রযুজ্য। ঐ "ওম্ই" প্রথম-প্রযুক্ত ধ্যানমন্ত্র ও ধ্যানের যোগ্য।

ওমিত্যেতদক্ষরস্য পাদাশ্চত্বারো দেবাশ্চত্বারো বেদাশ্চত্বারঃ।

চতুষ্পাদেতদক্ষরং পরং ব্রহ্ম পূর্ব্বাস্য মাত্রা পৃথিব্যকারঃ স ঋগ্‌ভির্ঋগ্বেদো ব্রহ্মা বসবো গায়ত্রী গার্হপত্যঃ। দ্বিতীয়ান্তরিক্ষমুকারঃ স যজুর্ব্বেদো বিষ্ণু রুদ্রাস্ত্রিষ্টুপ্‌ দক্ষি-

---

দ্বিতীয়স্যোত্তরমোমিত্যেতদক্ষরস্যেতি। পাদ-দেব-বেদাশ্চতুঃসংখ্যকাঃ যথাসংখ্যকং ধ্যেয়া ইত্যর্থঃ। দেবাঃ উভয়েঽপি অধিষ্ঠাত্র্যো গণদেবতাশ্চ দেব-শব্দেন গৃহীতাঃ পৃথিব্যাদয়ো লোকাঃ গায়ত্র্যাদীনি ছন্দাংসি চ রূপাণি ত্রিষ্বেব সন্তি ন চতুর্থ ইতি পাদাদি পঙ্‌ক্তৌ নোক্তানি অগ্নয়শ্চাত্রোক্তাঃ পাদাশ্চত্বারঃ অকারাদয়ঃ।

পাদাদীন্‌ বক্তুং পুনশ্চতুষ্পাত্ত্বং প্রতিজানীতে চতুষ্পাদেতদক্ষরং পরং ব্রহ্মেতি। ঋগ্‌ভিরুপলক্ষিতত্বাদৃগ্‌বেদঃ।

---

দ্বিতীয় প্রশ্নের উত্তরে ভগবান্‌ অথর্ব্বঋষি কহিতেছেন যে, এইরূপে "ওম্‌" এই অক্ষর ধ্যান করিবে,—ইহার চতুষ্পাদ, অধিষ্ঠাত্রী দেবতা ও গণদেবতাও চারি প্রকার এবং ইহার বেদও চতুঃসংখ্য অর্থাৎ ঋগাদি চারি বেদ "ওম্‌" এই অক্ষর হইতেই প্রাদুর্ভূত হইয়াছে।

চতুষ্পাদ-সম্পন্ন "ওম্‌" এই অক্ষরই পরংব্রহ্ম, ইহার অকার প্রথমমাত্রা, বসুমতী লোক, ঋক্‌ বেদ,

পাগ্নিঃ। তৃতীয়া দ্যৌর্ম্মকারঃ স সামভিঃ সামবেদো বিষ্ণুর দিত্যা জগত্যাহবনীয়ঃ। যাবসানেঽস্য চতুর্থ্যর্দ্ধ-মাত্রা স লুপ্তমকারঃ সোঽথর্ব্ববৈর্ম্মন্ত্রৈরথর্ব্ববেদঃ সংবর্ত্তকোঽগ্নির্ম রুতো বিরাড়েকঋষিঃ।

---

ব্রহ্মাদয়োঽধিষ্ঠাত্র্যঃ বস্বাদয়ো গণদেবতাঃ লুপ্তমকার মকারস্য বিরতত্বাৎ। সঃ অথর্ব্ববৈর্ম্মন্ত্রৈরুপলক্ষিতো ঽথর্ব্ববেদঃ সংবর্ত্তকোঽগ্নিঃ ব্রহ্মাদিস্থানীয়োঽধিষ্ঠাতা মরুত একোনপঞ্চাশৎসংখ্যকা গণদেবতাঃ। অত্র বিরাড়িত্যয় পাঠঃ। চতুষ্কপাঠেঽপঠিতত্বাৎ. অন্যথা পাদাশ্চত্বারি ইত্যত্র ছন্দাংসি চত্বারীতি চ পঠেৎ বর্ণাবসানত্বাচ্চার্দ্ধমাত্রা তুর্য্য অত্র বর্ণধর্ম্মচ্ছন্দসোঽসম্ভবাৎ। নারসিংহে তু বিরাড়িত্যপি পঠিতং তত্র ঔপচারিকং ছন্দস্ত্বং বোধ্যম্। একঋষির্না-মাগ্নিঃ।

---

ব্রহ্মা, গণদেব, অষ্টবসু ও গার্হপত্য অগ্নি ইহার অধিষ্ঠাত্রী দেবতা। উকার দ্বিতীয় মাত্রা, অন্তরীক্ষ লোক, যজুঃ ইহার বেদ এবং বিষ্ণু, গণদেবতা, একাদশ রুদ্র ইহাঁরা অধিষ্ঠাত্রী দেবতা আর ছন্দঃ ত্রিষ্টুপ্ ও অগ্নি দক্ষিণাগ্নি। মকার তৃতীয় মাত্রা, স্বর্গ লোক, সাম বেদ এবং বিষ্ণু, গণদেবতা, দ্বাদশ আদিত্য ইহার অধিষ্ঠাত্রী দেবতা। ইহার ছন্দঃ জগতী, অগ্নি আহবনীয়। লুপ্ত-মকার ইহার অবশিষ্ট চতুর্থ মাত্রা, অথর্ব্ব ইহার বেদ,

রুচিরা ভাস্বতী স্বভা

প্রথমা রক্তা ব্রাহ্মী ব্রহ্মদেবত্যা। দ্বিতীয়া শুভা রৌদ্রী রুদ্রদেবত্যা। তৃতীয়া কৃষ্ণা বিষ্ণুমতী বিষ্ণুদেবত্যা চতুর্থী

---

মূর্দ্ধ্ন্যবস্থিতায়াস্তু মাত্রায়া ধ্যানমাহ রুচিরেতি। রুচিরা রম্যা ভাস্বতী দীপ্তিমতী স্বভা অন্যনিরপেক্ষ-প্রকাশা।

ইদানীং মাত্রাণাং বর্ণানাহ প্রথমেতি। রক্তা বর্ণেন সৃষ্টিহেতুত্বেন রাজসত্বাৎ ব্রাহ্মী ব্রহ্মবতী অগ্রে বিষ্ণুমতী-

---

ব্রহ্মাদি অধিষ্ঠাত্রী দেবতা, একোনপঞ্চাশৎ মরুদ্‌গণ দেবতা, এবং সংবর্ত্তক ইহার অগ্নি। ঋগাদিবেদচতুষ্টয়, ব্রহ্মাদি অধিষ্ঠাত্রী দেবতা ও বসুপ্রভৃতি গণদেবতা এই সমস্তই একমাত্র "ওম্"। এই পরংব্রহ্মস্বরূপ "ওম্" এই মন্ত্র হইতে উদ্ভূত হইয়াছে। এই প্রকারে প্রণবমাত্রার প্রত্যেকের দেবতা ও গণদেবতা ইত্যাদি বিবৃত হইল। প্রণবের উপরিস্থিত মাত্রা স্বপ্রকাশরূপিণী ও অতি মনোহর-দীপ্তিমতী।

এখন ওঙ্কারের অকারাদিমাত্রার বর্ণ বিবৃত হইতেছে। —অকারস্বরূপ প্রথমমাত্রা লোহিতবর্ণ, ঐ লোহিত-বর্ণই সৃষ্টিকারণ, সুতরাং প্রতিপন্ন হইল যে, প্রথম-মাত্রা হইতেই জগতের উৎপত্তি হইয়াছে। ব্রহ্মা নিরন্তর এই মাত্রাতে অবস্থিত আছেন এবং তিনিই

বিদ্যুন্মতী সর্ব্ববর্ণা পুরুষদেবত্যা। স এষ হ্যোঙ্কারশ্চতুষ্পাদশ্চতুঃশিরাঃ।

---

ত্যুক্তত্বাৎ। ব্রহ্মা দেবতাপি তটস্থো ভবিষ্যতি ন সংবদ্ধ ইতি শঙ্কানিবাসায় ব্রাহ্মীত্যুক্তম্। শুভা শুক্লা চন্দ্রসন্নিভা রৌদ্রী নিত্যসন্নিহিতরুদ্রা পুরুষঃ ঈশ্বরঃ।

যদ্যপি ব্রহ্মবিদ্যোপনিষদি অকারাদীনাং ক্রমেণ ব্রহ্মবিষ্ণু-রুদ্রা দেবতা উক্তাঃ তথা তৃতীয়া মাত্রা "মকারশ্চাগ্নি-সঙ্কাশো বিধূমো বিদ্যুতোপমঃ" ইত্যুক্তম্। অত্র তু ব্রহ্ম-রুদ্র-বিষ্ণবো দেবতা উক্তাঃ তথা তৃতীয়া মাত্রা চ কৃষ্ণা উক্তা ইতি বিরোধঃ। তথা অথর্ব্বশিরসি যা সা দ্বিতীয়া মাত্রা বিষ্ণুদেবত্যা কৃষ্ণা বর্ণেন ইতি দেবতা-বর্ণবিপর্য্যাস উক্তঃ তথাপি বস্তুতো ব্রহ্মাদীনাং ত্রয়াণামেকরূপত্বাদুপাসনাঙ্গত্বেন ফলভেদায় তত্তদ্রূপোপাদানম্। এতেন বর্ণভেদোঽপি পরিহৃতঃ ধ্যানভেদেন ফলভেদাৎ, অতএব কালাগ্নিরুদ্রোপনিষদি মহেশ্বর-সদাশিব-শিবাঃ শিবং প্রতি প্রণব-বর্ণত্রয়ে দেবা উক্তাঃ আগমেষু ক্বচিৎ

---

উক্ত প্রথমমাত্রার দেবতা। দ্বিতীয়মাত্রা শ্বেতবর্ণা, এই বর্ণই সমস্ত ব্রহ্মাণ্ডের স্থিতির কারণ, সুতরাং ঐ দ্বিতীয়মাত্রা হইতেই ব্রহ্মাণ্ডের স্থিতিরক্ষা হইতেছে রুদ্রদেব নিরন্তর এই মাত্রাতে অবস্থিত আছেন এবং তিনিই এই মাত্রার দেবতা। তৃতীয়মাত্রা কৃষ্ণবর্ণ

রুচিরা ভাস্বতী স্বভা

প্রথমা রক্তা ব্রাহ্মী ব্রহ্মদেবত্যা। দ্বিতীয়া শুভা রৌদ্রী রুদ্রদেবত্যা। তৃতীয়া কৃষ্ণা বিষ্ণুমতী বিষ্ণুদেবত্যা চতুর্থী

---

মূর্দ্ধ্যবস্থিতায়াস্তু মাত্রায়া ধ্যানমাহ রুচিরেতি। রুচিরা রম্যা ভাস্বতী দীপ্তিমতী স্বভা অন্যনিরপেক্ষ-প্রকাশা।

ইদানীং মাত্রাণাং বর্ণানাহ প্রথমেতি। রক্তা বর্ণেন সৃষ্টিহেতুত্বেন রাজসত্বাৎ ব্রাহ্মী ব্রহ্মবতী অগ্রে বিষ্ণুমতী-

---

ব্রহ্মাদি অধিষ্ঠাত্রী দেবতা, একোনপঞ্চাশৎ মরুদ্‌গণ দেবতা, এবং সংবর্ত্তক ইহার অগ্নি। ঋগাদিবেদচতুষ্টয়, ব্রহ্মাদি অধিষ্ঠাত্রী দেবতা ও বসুপ্রভৃতি গণদেবতা এই সমস্তই একমাত্র "ওম্"। এই পরংব্রহ্মস্বরূপ "ওম্" এই মন্ত্র হইতে উদ্ভূত হইয়াছে। এই প্রকারে প্রণবমাত্রার প্রত্যেকের দেবতা ও গণদেবতা ইত্যাদি বিবৃত হইল। প্রণবের উপরিস্থিত মাত্রা স্বপ্রকাশরূপিণী ও অতি মনোহর-দীপ্তিমতী।

এখন ওঙ্কারের অকারাদিমাত্রার বর্ণ বিবৃত হইতেছে। —অকারস্বরূপ প্রথমমাত্রা লোহিতবর্ণ, ঐ লোহিত-বর্ণই সৃষ্টিকারণ, সুতরাং প্রতিপন্ন হইল যে, প্রথম-মাত্রা হইতেই জগতের উৎপত্তি হইয়াছে। ব্রহ্মা নিরন্তর এই মাত্রাতে অবস্থিত আছেন এবং তিনিই

বিদ্যুন্মতী সর্ব্ববর্ণা পুরুষদেবত্যা। স এষ হ্যোঙ্কারশ্চতুষ্পাদশ্চতুঃশিরাঃ।

---

-ত্যুক্তত্বাৎ। ব্রহ্মা দেবতাপি তটস্থো ভবিষ্যতি ন সংবন্ধ ইতি শঙ্কানিরাসায় ব্রাহ্মীত্যুক্তম্। শুভা শুক্লা চন্দ্রসন্নিভা রৌদ্রী নিত্যসন্নিহিতরুদ্রা পুরুষঃ ঈশ্বরঃ।

যদ্যপি ব্রহ্মবিদ্যোপনিষদি অকারাদীনাং ক্রমেণ ব্রহ্মবিষ্ণু-রুদ্রা দেবতা উক্তাঃ তথা তৃতীয়া মাত্রা "মকারশ্চাগ্নি-সঙ্কাশো বিধূমো বিদ্যুতোপমঃ" ইত্যুক্তম্। অত্র তু ব্রহ্ম-রুদ্র-বিষ্ণবো দেবতা উক্তাঃ তথা তৃতীয়া মাত্রা চ কৃষ্ণা উক্তা ইতি বিরোধঃ। তথা অথর্ব্বশিরসি যা সা দ্বিতীয়া মাত্রা বিষ্ণুদেবত্যা কৃষ্ণা বর্ণেন ইতি দেবতা-বর্ণবিপর্য্যাস উক্তঃ তথাপি বস্তুতো ব্রহ্মাদীনাং ত্রয়াণামেকরূপত্বাদুপাসনাঙ্গত্বেন ফলভেদায় তত্তদ্রূপোপাদানম্। এতেন বর্ণভেদোঽপি পরিহৃতঃ ধ্যানভেদেন ফলভেদাৎ। অতএব কালাগ্নিরুদ্রোপনিষদি মহেশ্বর-সদাশিব-শিবাঃ শিবং প্রতি প্রণব-বর্ণত্রয়ে দেবা উক্তাঃ আগমেষু ক্বচিৎ

---

উক্ত প্রথমমাত্রার দেবতা। দ্বিতীয়মাত্রা শ্বেতবর্ণা, এই বর্ণই সমস্ত ব্রহ্মাণ্ডের স্থিতির কারণ, সুতরাং ঐ দ্বিতীয়মাত্রা হইতেই ব্রহ্মাণ্ডের স্থিতিরক্ষা হইতেছে রুদ্রদেব নিরন্তর এই মাত্রাতে অবস্থিত আছেন এবং তিনিই এই মাত্রার দেবতা। তৃতীয়মাত্রা কৃষ্ণবর্ণা

চতুর্থ্যর্দ্ধমাত্রা স্থূল-হ্রস্ব-দীর্ঘ-প্লুতঃ।

---

সাত্ত্বিকাদিভেদেন একস্যা এব দেবতায়াস্ত্রিধা ধ্যানমুক্তম্ বাস্তবস্থিতিস্ত্বত্রৈব বক্ষ্যতি—

ব্রহ্মা বিষ্ণুশ্চ রুদ্রশ্চ ঈশ্বরঃ শিব এব চ।
পঞ্চধা পঞ্চদেবত্যঃ প্রণবঃ পরিপঠ্যতে ॥ ইতি।

কল্পভেদেন বা ব্রহ্মাদীনামুৎপত্তিক্রমে ভেদঃ। চত্বারঃ পাদাঃ অকারোকার-মকারার্দ্ধমাত্রাঃ বিশ্ব-তৈজস-প্রাজ্ঞ-তুরীয়লক্ষণাঃ যস্য স চতুষ্পাদঃ চত্বারি শিরাংসি উত্তমাঙ্গানি মুখস্থানীয়ানি অগ্নয়ো যস্য স চতুঃশিরাঃ। —অকারাদীনাং পাদত্বং প্রাথম্যাৎ সর্ব্বধর্ম্মাশ্রয়ত্বাচ্চ অগ্নীনাং মুখত্বং মুখাদগ্নিরজায়ত ইতি শ্রুতেঃ অগ্নেঃ সর্ব্বদেবমুখত্বা-দস্যানির্দ্দিষ্টত্বাচ্চ দ্রষ্টব্যম্।

স্থূলং রূপং ত্রিধা বিভক্তং সূক্ষ্মং পৃথক্ করোতি

---

বিষ্ণু নিরন্তর এই মাত্রাতে অবস্থিতি করিতেছেন এবং তিনিই এই মাত্রার দেবতা। চতুর্থমাত্রা বিদ্যুদ্বৎ দীপ্তিমতী, সর্ব্ববর্ণশালিনী; ইহার দেবতা স্বয়ং ঈশ্বর। সেই চতুর্ম্মাত্ররূপী ওঙ্কার চতুষ্পাদ ও চতুঃশিরাঃ; অকার, উকার, মকার এবং নাদবিন্দু, এই চারিটি ওঙ্কারের চতুষ্পাদ আর গার্হপত্য, দক্ষিণাগ্নি, আহবনীয় ও সংবর্ত্তক, এই অগ্নিচতুষ্টয় তাহার চারি মস্তক।

প্রণবের অর্দ্ধচতুর্থীমাত্রা নাদবিন্দু নামক লুপ্তমকার

ওমোমোমিতি ত্রিরুক্তশ্চতুর্থঃ শান্তাত্মা প্লুতপ্রয়োগে ন সমমিত্যাত্মজ্যোতিঃ সকৃদাবর্ত্তব্যঃ।

---

চতুর্থীতি। চতুর্থ্যর্দ্ধমাত্রা নাদসংজ্ঞা লুপ্তমকারঃ। স্থূলে বিভাগমাহ স্থূলেতি। যঃ স্থূলঃ বর্ণকূটরূপঃ স হ্রস্ব-দীর্ঘপ্লুতঃ উদ্দেশ্য-বিধেয়য়োরপি বিশেষণ-বিশেষ্যত্বমাত্র-বিবক্ষয়া সমাসঃ।

হ্রস্বাদীনাং স্বরূপমভিনীয় দর্শয়তি ওমোমোমিতি। প্রথমঃ একমাত্রঃ দ্বিতীয়ো দ্বিমাত্রঃ তৃতীয়স্ত্রিমাত্র ইত্যর্থঃ।

নন্বেবং হ্রস্বো নাস্তীতি কথং হ্রস্ব ওঙ্কারঃ নৈষ দোষঃ পার্শ্বদশ্রুতিরিয়ম্ যথা তত্রভবতাং নারায়ণীয়াং সুজাত এব অশ্ব সুনৃত অধ্বর্য্যো ওম্ অস্তিঃ সুতমিতি ব্যাকরণাৎ সিদ্ধে প্রয়োগে তস্য হ্রস্বত্বং নাস্তীত্যর্থঃ ইতি ত্রিরুক্ত ইত্যভিনীয তস্যোপসংহারঃ।

চতুর্থঃ পাদঃ ক্ব বর্ত্ততে অত আহ প্লুতপ্রয়োগে ইতি। বর্ত্ততে ইতি শেষঃ তত্রৈবাভিব্যক্তত্বাৎ ন সম অনুপমং রূপং ইতি হেতোঃ আত্মজ্যোতিস্তৎ। বিরম

---

স্বরূপ, উহার সূক্ষ্মরূপা পৃথক্ এবং অকার, উকার মকার এই বর্ণকূটস্বরূপ যে স্থূলরূপ, তাহা তিন ভ বিভক্ত; যথা—হ্রস্ব, দীর্ঘ ও প্লুত। এখন প্রণ হ্রস্ব, দীর্ঘ ও প্লুত, এই তিন মাত্রার স্বরূপ প্রদর্শিত হইতেছে।—প্রথম অকার একমাত্র, দ্বিতীয় উব

স এষ সর্ব্বান্ প্রাণান্ সকৃদুচ্চারিতমাত্রঃ স এষ হ্যূর্দ্ধ-মুৎক্রাময়তীত্যোঙ্কারঃ।

---

মাণ-ঘণ্টানাদাদ্যুপমাপি ন ভবতি ততোঽতিসূক্ষ্মত্বাৎ। সকৃদাবর্ত্তব্যঃ সকৃদাবর্ত্তয়িতব্যঃ অনাহত-শব্দরূপ ইত্যর্থঃ। যদ্বা সকৃদবিভাগঃ তদাপি কুতো ভবতীতি চেৎ শ্রূয়তাং নির্ব্বিশেষত্বাৎ পূর্ব্বাপরবিভাগে ভেদকাভাবাৎ তথা নির্ব্বিশেষত্বাৎ পূর্ব্বপরাবৃত্তৌ ভেদকাভাবাৎ সকৃদাবর্ত্তব্যঃ শব্দব্রহ্মসংজ্ঞঃ।

স এষ ইতি। বর্ণিত-প্রণবস্যোপসংহারঃ। ওঙ্কার-শব্দস্য প্রবৃত্তি-নিমিত্তমাহ সর্ব্বান্ প্রাণানিতি। প্রাণাঃ দশবায়বঃ তান্ সমনস্কান্ সাগ্নীন্ ষট্‌চক্র-ভেদেন সুষুম্না-দ্বারেণ মূর্দ্ধানমানযতীত্যর্থঃ। পুনঃ স এষ ইত্যনুস্মৃদ্ধ

---

দ্বিমাত্র এবং তৃতীয় মকার ত্রিমাত্র। ওঙ্কারের চতুর্থমাত্রা প্লুতস্বরূপ, সেই মাত্রাদ্বারাই ওঙ্কার প্রকাশিত আছে। এই ওঙ্কার অনুপম মন্ত্র, ইহার উচ্চারণও অনুপম। ইহার উচ্চারণ-শব্দ সাধারণ ঘণ্টাদিশব্দের ন্যায় নহে। এই ত্রিমাত্রাত্মক-প্রণব শব্দব্রহ্মস্বরূপ।

যদি ওঙ্কার একবারমাত্র উচ্চারণ করা যায়, তাহা হইলে প্রাণ ও মন ইহাদিগকে ষট্‌চক্র ভেদ পূর্ব্বক সুষুম্নাদ্বারা মূর্দ্ধস্থানে আনয়ন করা যাইতে পারে। মন

প্রণবঃ সর্ব্বান্ প্রাণান্ প্রণাময়ন্তি নাময়তি বৈ তস্মাৎ প্রণবশ্চতুর্দ্ধাবস্থিতঃ ইতি বেদ-দেবযোনিঃ ধ্যেয়াশ্চেতি সংহর্তা সর্ব্বেভ্যো দুঃখ-ভয়েভ্যঃ সন্তারয়তি।

---

আদরার্থঃ। অনেকার্থত্বান্নিপাতানাম্। ওমিত্যূর্দ্ধভাবে ঊর্দ্ধান্ প্রাণান্ কারয়তি উচ্চারয়িতুরিত্যোঙ্কার ইতি যোগিভিরবশ্যং ধ্যেয় ইতি ভাবঃ।

তস্য নামান্তরমাহ প্রণব ইতি। প্রণবশব্দ-নিমিত্তমাহ সর্ব্বানিতি। প্রণামঃ নম্রতাপাদনং নামনং ব্যস্তভাবাপাদনম্। চতুর্দ্ধা যতোঽবস্থিতঃ ততশ্চতুর্ণাং বেদানাং দেবানাঞ্চ যোনিঃ অনেন ক্রমেণ পূর্ব্বত্রাপি বেদাশ্চত্বারো দেবাশ্চত্বার ইতি পাঠেন ভবিতব্যম্। সাম্প্রদায়িকৈর্নিশ্চয়ো বিধেয়ঃ।

কিং তদ্ধ্যানমিতি যৎ পৃষ্টং তদুত্তরং নিগময়তি

---

ঊর্দ্ধপ্রদেশে নীত হইলেই নির্ব্বিষয় হয়, তখন মন কোন বিষয়ে আসক্ত না হইয়া স্থিরভাব ধারণ করে, সুতরাং এই ওঙ্কারের ধ্যান করা যোগিবৃন্দের অবশ্য কর্ত্তব্য।

ওঙ্কারের আর একটি নাম প্রণব। এই প্রণব প্রাণকে নম্র করে ও বিপরীতভাবাপন্ন করিয়া রা[illegible] এই প্রণব চতুর্দ্ধা অবস্থিত এবং চারি বেদ ও দেবগ[illegible] উদ্ভবস্থান। ঋক্, যজুঃ, সাম ও অথর্ব্ব, এই চারি [illegible] ও ইন্দ্রাদি দেবগণ এই প্রণব হইতেই উৎপন্ন হইয়াছে

তারণাত্তানি সর্ব্বাণীতি বিষ্ণুঃ সর্ব্বান্ জয়তি ব্রহ্মা বৃহৎ সর্ব্বকারণানি সম্প্রতিষ্ঠাপ্য ধ্যানাৎ।

---

ধ্যেয়শ্চেতি। ধ্যা ধাতো রূপং ধাতব্যাঃ ধারণীয়াঃ পাদাদয়ো বুদ্ধ্যা ন ত্যক্তব্যাঃ ধাতব্যা ইত্যর্থঃ। ধারণস্য ফলমাহ সন্ধর্ত্তেতি। সন্ধর্ত্তা এব হি পাদাদীনাং শরীরিত্বা তারয়তি আশ্রিতান্ স্বস্য কিং বক্তব্যম্।

কো ধ্যাতা ইতি প্রশ্নং ধ্যাতৃ-ব্রহ্ম-বিষ্ণু-নিদর্শনেনোত্তরয়তি তারণাত্তানীতি। তারণেন আশ্রিতানাং দুঃখভয়াপনয়নেন অত্তানি আদ্ভক্ষণে নিষ্ঠা ছান্দসো জগ্ধ্যভাবঃ গ্রস্তানি অভিভূতানি দুঃখভয়ানি সর্ব্বাণি ইতি হেতোঃ বিষ্ণুঃ সর্ব্বান্ জয়তি অভিভবতি দৈত্যাদীন্। অথবা তারণাৎ তারকত্বাদ্ধেতোঃ তানি পাদাদীনি সর্ব্বাণীতি পূর্ব্বোক্তপ্রকারেণ বিষ্ণুর্ধ্যাতব্য ইতি শেষঃ।

ধ্যানফলমাহ সর্ব্বান্ জয়তীতি। অথ ব্রহ্মাপি অবৃহৎ বৃহত্ত্বং গতবান্ কস্মাৎ সর্ব্বকারণানি সর্ব্বেন্দ্রিয়াণি

---

সুতরাং প্রণব অবশ্য ধারণ করিবে, কখনও তাহা পরিত্যাগ করিবে না, সর্ব্বদা কেবল সেই প্রণবের ধ্যান করিবে। নিরন্তর এই প্রণবের ধ্যান করিলে প্রণব সেই সমস্ত আশ্রিত ব্যক্তিকে নিখিল দুঃখ হইতে ত্রাণ করেন।

যাঁহারা প্রণবের আশ্রিত, প্রণব তাঁহাদিগের সমস্ত দুঃখ ও ভয় দূর করেন। এই প্রণবের ধ্যান করিলে

বিষ্ণুর্ম্মনসি নাদান্তে পরমাত্মনি স্থাপ্য ধ্যেয়মীশানং প্রধ্যায়ন্তীশা বা সর্ব্বমিদং প্রযুক্তম্।

---

সম্প্রতিষ্ঠাপ্য স্থিরীকৃত্য ধ্যানাৎ বিষ্ণুব্রহ্মণোর্ধ্যানকথনেন তৎফলার্থী ধ্যাতেত্যুক্তং ভবতি।

কশ্চিদ্ধ্যেয়ঃ ইতি চতুর্থমুত্তরয়তি বিষ্ণুর্ম্মনসীতি। নাদান্তে শক্তিদ্বারী শ্রান্তে ব্রহ্মণি প্রণবো হি পঞ্চকূটাত্মকঃ অকারোকার-মকার-বিন্দু-নাদাত্মকঃ তত্র নাদান্তে পরমাত্মস্থানে স্থাপ্য আরোপ্য ধ্যেয়ং ধ্যানোচিতম্ ঈশানং মনসি বিষ্ণুঃ প্রধ্যায়ন্তি প্রধ্যায়তীত্যর্থঃ। বচনব্যত্যয়োঽন্যেষামপি ঈশস্য ধ্যেয়ত্বসূচনার্থঃ।

ননু অন্যান্ দেবানপহায় ঈশান এব কিমিতি ধ্যেয়ঃ

---

সাংসারিক দুঃখ ও ভয়ে অভিভূত হইতে হয় না। বিষ্ণু এই প্রণবমন্ত্রের ধ্যানবলে সমস্ত দৈত্যের সংহার-সাধন করিয়াছেন। সুতরাং এই প্রণবের ধ্যান করিলে সাধক কাম, ক্রোধ প্রভৃতি সমস্ত রিপু জয় করিয়া ইন্দ্রিয়-গ্রামকে বশীভূত করিতে সমর্থ হন। ব্রহ্মাও এই প্রণবের ধ্যান করিয়া সর্ব্বদা ইন্দ্রিয়গ্রাম বশীভূত করিয়া সর্ব্ববৃহৎ অর্থাৎ সর্ব্বপ্রাধান্য-পদ প্রাপ্ত হইয়াছেন। সর্ব্বশেষে বক্তব্য এই যে,—ব্রহ্মা ও বিষ্ণু উভয়েই এই প্রণবের ধ্যান করিয়া ফলকামনা করিয়াছেন, সুতরাং জ্ঞান-লাভার্থ এই প্রণবের ধ্যান করা কর্ত্তব্য।

ব্রহ্ম-বিষ্ণু-রুদ্রেন্দ্রাঃ সম্প্রসূয়ন্তে সর্ব্বাণি চেন্দ্রিয়াণি সহ-

---

ভূতে আহ ঈশা বেতি। বা শব্দ এবার্থঃ ঈশৈব সর্ব্বমিদং প্রযুক্তং নান্যেন।

নমু ভবতু সর্ব্বং প্রযুক্তং ন্নু ব্রহ্মাদয় ইত্যত আহ ব্রহ্মেতি। ইন্দ্রঃ মঘবা এতে চত্বারঃ ঈশা সম্প্রসূয়ন্তে জন্যন্তে সহভূতানি ভূতসহিতানি ইন্দ্রিয়াণি ঈশা সম্প্রসূয়ন্তে।

---

পূর্ব্বে প্রশ্ন হইয়াছিল যে, কোন্ বস্তু ধ্যেয়মধ্যে শ্রেষ্ঠ। বিযুক্ত স্বীয় শক্তিদ্বারা মনকে শান্ত করিয়া অকার, উকার, মকার, বিন্দু ও নাদ, এই পঞ্চবর্ণাত্মক প্রণবকে পরমাত্মস্থানে স্থাপন-পূর্ব্বক সর্ব্বারাধ্য ঈশানকে ধ্যান করেন। অপরাপর দেবতা সত্ত্বেও ঈশানের ধ্যানের কি প্রয়োজন? উহার হেতু এই যে, তিনিই এই অখিল অসীম ব্রহ্মাণ্ডের নিয়োগকর্ত্তা, তাঁহারই আদেশে এই সচরাচর ব্রহ্মাণ্ড নিয়ন্ত্রিত রহিয়াছে, সুতরাং সেই ঈশানই অবশ্য ধ্যেয়।

ব্রহ্মা, বিষ্ণু, রুদ্র ও ইন্দ্র এই দেবচতুষ্টয় সেই ঈশান হইতেই উৎপন্ন হইয়াছেন এবং ভূতগ্রাম ও ইন্দ্রিয়গ্রামও তাঁহারই সৃষ্ট। এই অসীম জগতে সমস্ত কারণই ঈশানের প্রযুক্ত এবং তিনিই সকলের উপায়বিধানকর্ত্তা। সেই

স্তানি কারণং সর্ব্বমৈশ্বর্য্যং সম্পন্নং শিবমাকাশং মধ্যে ধ্রুবস্থম্।

ব্রহ্মা বিষ্ণুশ্চ রুদ্রশ্চ ঈশ্বরঃ শিব এব চ।
পঞ্চধা পঞ্চদৈবত্যঃ প্রণবঃ পরিপঠ্যতে ॥

---

পুনঃ কিং কিমীশা প্রযুক্তম্ তত্র আহ কারণমিতি। কারণং সাধকতমম্ উপায়ভূতং সাধকতমং সর্ব্বমেব ঈশা প্রযুক্তমিত্যর্থঃ স হি প্রথমমুপায়বোধকঃ ঐশ্বর্য্যং প্রভু-শক্তিঃ সম্পন্নম্। কার্য্যমাত্রী-নিদর্শনায় সর্ব্বকার্য্য মূর্দ্ধন্যমা-কাশমাহ শিবমিতি। শিবং নির্ম্মলং মধ্যে সর্ব্বস্যান্তঃ ধ্রুবম্ একরূপেণ তিষ্ঠতি। মধ্যে ধ্রুবস্থম্ আকাশম্ ঈশা প্রযুক্তং তচ্চ বায়্বাদীনামুপলক্ষণং যদা সম্পন্নাদি চতুষ্টয়ং শিবস্য বিশেষণং জন্যত্বশঙ্কা-নিবৃত্তয়ে।

নাদান্ত-গ্রহণেন সূচিতাং প্রণবস্য পঞ্চধামাহ ব্রহ্মেতি। পঞ্চধা অকারাদিরূপেণ।

---

সর্ব্বনিয়ন্তা ঈশানদেবই সর্ব্বৈশ্বর্য্য-সম্পন্ন। তিনি ব্যতীত আর কাহারও অসাধারণ প্রভুশক্তি নাই। তিনিই এই জগতের অদ্বিতীয় কর্ত্তা। এই জগতের কার্য্যকারণি সমস্তই সেই ঈশ্বর। তিনি নির্ম্মল আকাশস্বরূপ। ব্রহ্মাণ্ডে যত বস্তু আছে, তাহাদিগের মধ্যে একমাত্র তিনিই নিত্য, আর সমস্তই অনিত্য।

তত্রাধিকং ক্ষণমেকমাস্থায় ক্রতুশতস্যাপি ফলমবাপ্নোতি কৃৎস্নমোঙ্কারগতঞ্চ সর্ব্বজ্ঞানযোগধ্যানানাং শিব এক এব

---

পঞ্চাত্মকস্য জ্ঞানে ফলমাহ তত্রেতি।:সত্রাধিক্যে ফলাধিক্যমিতি ন্যায়াৎ। কৃৎস্নমোঙ্কারগতঞ্চেতি। কৃৎস্নম্ ওঙ্কার-পাদাদি কর্ম্ম ওঙ্কার-গতঞ্চ ধ্যাত্বা ক্রতুশতস্যাপি ফলমবাপ্নোতীত্যনুষজ্যতে।

---

সেই প্রণব অকারাদি পঞ্চ প্রকারে পঞ্চদৈবতস্বরূপ। ব্রহ্মা, বিষ্ণু, রুদ্র, ঈশ্বর ও শিব, এই দেবপঞ্চক প্রণবের পঞ্চবর্ণ-স্বরূপ। ব্রহ্মা উহার অকার, বিষ্ণু উহার উকার, রুদ্র উহার মকার, ঈশ্বর উহার বিন্দু এবং শিব উহার নাদ; সুতরাং প্রণবই পরংব্রহ্ম।

অধুনা সেই পঞ্চবর্ণময় পঞ্চদেবাত্মক ব্রহ্মস্বরূপ প্রণবের পরিজ্ঞানের ফল কথিত হইতেছে।—কিয়ৎক্ষণ সেই ব্রহ্মরূপী প্রণবে চিত্তনিবেশ করিলে শত শত যজ্ঞফলেরও অধিক ফললাভ হয় এবং প্রণবের সমস্ত পাদ ও ওঙ্কার-গত যাবতীয় দেবতাকে একবারমাত্র ধ্যান করিলে শত শত যজ্ঞফলেরও অধিক ফল প্রাপ্ত হওয়া যায়। শিব অখিল জ্ঞানের জ্ঞেয়, অখিল যোগের গম্য এবং অখিল ধ্যানের ধ্যেয়। সেই শিব ওঙ্কারস্বরূপ; সুতরাং সেই ওঙ্কাররূপী একমাত্র শিবই সকলের ধ্যেয়।

...রৈরঃ শিব ওঙ্কারঃ সর্ব্বমন্যৎ পরিত্যজ্য। এতামধীত্য দ্বিজো গর্ভবাসান্মুচ্যতে গর্ভবাসান্মুচ্যতে ॥

ইত্যথর্ব্বশিখোপনিষৎ সমাপ্তা।

---

পরমোপদেশমাহ সর্ব্বমন্যৎ পরিত্যজ্যেতি। প্রোক্তনেন সংবধ্যার্তে। ঈশ এব পরমো ধ্যেয় ইতি চতুর্থমুত্তরমুপসংহ-রন্ তদধ্যয়নফলমাহ এতামিতি। এতাম্ উপনিষদম্ অথ-র্ব্বশিখা-সংজ্ঞাম্। দ্বিজ ইতি শূদ্র-নিরাসঃ। দ্বিরুক্তিঃ সমাপ্ত্যর্থা ইতি শব্দশ্চ ॥

নারায়ণেন রচিতা শ্রুতিমাত্রোপজীবিনা।
অস্পষ্টপদ-বাক্যানাং দীপিকাথর্ব্ব-শিখিকে ॥
ইত্যথর্ব্বশিখোপনিষদো দীপিকা সম্পূর্ণা।

---

অতঃপর এই উপনিষদধ্যয়নের ফল কথিত হইতেছে।—দ্বিজাতিবৃন্দ এই "অথর্ব্বশিখোপনিষৎ" পাঠ করিয়া ইহার মর্ম্মগ্রহণ পূর্ব্বক প্রণবের যথার্থ অর্থ পরিজ্ঞাত হইলে যাবতীয় প্রাক্তন কর্ম্মপরিহার পূর্ব্বক গর্ভবাস হইতে মুক্ত হইতে পারেন। তাঁহাদিগের আর জন্ম-মৃত্যু-জনিত যন্ত্রণা-সঙ্কুল সংসারে বার বার যাতায়াত করিতে হয় না এবং তাঁহারা নিখিল সংসারবাসনা পরিহার পূর্ব্বক মায়া-পাশ ছেদন করিয়া মোক্ষপ্রাপ্তিদ্বারা অনন্ত অপার সুখ-সাগরে ভাসমান হন।

# শান্তিপাঠঃ।

ওঁ ॥ ভদ্রং কর্ণেভিঃ শৃণুয়াম দেবা ভদ্রং পশ্যেমাক্ষভি-র্যজত্রাঃ। স্থিরৈরঙ্গৈস্তুষ্টুবাংসস্তনূভির্ব্যশেম দেবহিতং যদায়ুঃ ॥

॥ ওঁ শান্তিঃ ॥ ওঁ শান্তিঃ ॥ ওঁ শান্তিঃ ॥

॥ ॥ ওঁ হরিঃ ওঁ ॥ ॥

হে যজ্ঞ-রক্ষাকারী দেবতাগণ! আমরা যেন শ্রবণদ্বারা সেই সচ্চিদানন্দময় পূর্ণব্রহ্মের গুণানুবাদই শুনি, নেত্র দ্বারা যেন তাঁহার সর্ব্বশুভকর রূপই প্রত্যক্ষ করি। এই প্রকারে আমাদিগের সর্ব্বাবয়ব যেন তাঁহারই উপাসনায় নিরত থাকে। আপনাদিগের তুল্য আমাদিগের আয়ুর্ব্বৃদ্ধি করুন এবং আমরা যেন সুস্থদেহে সেই সর্ব্বমঙ্গলময় বিভুর উপাসনা করিয়া তাঁহার স্বরূপ পরিজ্ঞাত হইতে সমর্থ হই।

ইতি অথর্ব্বশিখোপনিষৎ সম্পূর্ণ।

॥ ওঁ তৎ সৎ ওঁ ॥